

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd



স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.১২.০০১.১৭.৩২৯

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭

২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ০৯/০৩/২০১৪ খ্রি. তারিখের পরবর্তী সময়ের টাইমস্কেল প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৪/১২/২০১৩ তারিখের ২৮৩নং পত্রের সম্মতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের বেতন স্কেল যথাক্রমে প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকগণকে ১৩ গ্রেড থেকে ১১ গ্রেড এবং প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষকগণকে ১৪ থেকে ১২ গ্রেডে উন্নীতকরণ করা হয়। একইসাথে তাঁদের পদ মর্যাদা ৩য় শ্রেণি থেকে ২য় শ্রেণিতে উন্নীত করা হয় (সংলাগ-১)। বেতন গ্রেড উন্নীত করার পর থেকে প্রধান শিক্ষকগণ ০৯/০৩/২০১৪ খ্রি. এর পরবর্তী সময়ের টাইমস্কেল পাচ্ছেন না। ফলে মাঠ পর্যায়ে বিপুল সংখ্যক প্রধান শিক্ষকদের মধ্যে হতাশা ও ক্ষোভের সঞ্চার হয়েছে।

২। বর্ণিত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখের ৩৬১ সংখ্যক পত্রে বলা হয়েছে- “সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদের পদমর্যাদা ০৯/০৩/২০১৪ খ্রি. তারিখ থেকে ২য় শ্রেণিতে উন্নীত করা হয়েছে বিধায় উক্ত তারিখ থেকে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ৭(১) নং অনুচ্ছেদের সুবিধা তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না” (সংলাগ-২)।

৩। বিষয়টি পর্যালোচনায় দেখা যায়, প্রধান শিক্ষকদের ২য় শ্রেণিতে উন্নীত করা হলেও ‘সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৩’ এবং ‘সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯’ অনুযায়ী প্রধান শিক্ষক পদটি ব্লক পদ। এ পদ থেকে পদোন্নতির কোন সুযোগ নাই। অর্থাৎ ০৯/০৩/২০১৪ তারিখে তাঁদের শুধুমাত্র গ্রেড ও পদ মর্যাদা উন্নীত হয়েছে, কোন পদোন্নতি হয়নি। পদোন্নতির ক্ষেত্রে নিয়োগবিধির শর্ত প্রতিপালন করেই পদোন্নতি হয়ে থাকে এবং এজন্য প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় পদোন্নতি কমিটি/পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ প্রয়োজন হয়। আর গ্রেড ও পদ মর্যাদা উন্নীত হয় সরকারের নির্বাহী আদেশে (এ ক্ষেত্রে জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতিতে)। কাজেই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতন গ্রেড ও পদ মর্যাদা ২য় শ্রেণিতে উন্নীতকরণের ফলে তাঁদের পদোন্নতি হয়নি। টাইমস্কেল প্রাপ্তির বিষয়ে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অনুচ্ছেদ ৭(১) এর বিধান (সংলাগ-৩) নিম্নরূপ:

“জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর টাকা ৪১০০-৭৭৪০ (২০ নং গ্রেড) হইতে টাকা ৮০০০-১৬৫৪০/- (১০ নং গ্রেড) বেতনস্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত নন-গেজেটেড সরকারি কর্মচারীগণ একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতনস্কেলে, উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেনঃ তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকরি জীবনে ৩টির অধিক টাইমস্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/অবি (বাস্ত-৩)/টাইমস্কেল-৩/৯৬ (অংশ)/৭২ (২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে।”

যেহেতু প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদটি নিয়োগ বিধি অনুযায়ী একটি ব্লক পদ অর্থাৎ তাঁদের পদোন্নতির কোন সুযোগ নেই এবং যেহেতু ০৯/০৩/২০১৪ তারিখে গ্রেড উন্নীতকরণের প্রেক্ষিতে তাঁদের শুধুমাত্র গ্রেড পরিবর্তন হয়েছে পদবী পরিবর্তন হয়নি বা পদোন্নতি হয়নি। সেহেতু চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর বিধি ৭(১) তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য।

৪। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ০৯/০৩/২০১৪ খ্রি. তারিখ থেকে ১৪/১২/২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের টাইমস্কেল প্রদানের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২৯-৯-২০২০

শামীম আরা নাজনীন

উপসচিব

ফোন: ০২-৯৫৭৭২৫৫

ইমেইল: sassch2@mopme.gov.bd

সচিব
অর্থ বিভাগ

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.১২.০০১.১৭.৩২৯/১(৫)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়



২৯-৯-২০২০

শামীম আরা নাজনীন

উপসচিব